"I think I see the *soldiers* of Bengal either transported beyond the seas or confined in the country jails, their arms taken and the spirit of the nation broken and crushed, the people going down and down in the scales of nation, losing gradually their self-respect and confidence in themselves and forgetting altogether how to defend themselves and their families. Thus not only trembling before the ruling race but for want of arms falling themselves victims to wild animals."

"I think I see the honest industrious tradesman loaded with new taxes and imposition, disappointed of the equivalents, eating his saltless porridge, his manufactures destroyed, petitioning for encouragement to his manufactures, and answered by counter-petitions."

"In short, I think I see the laborious ploughman burdened with a heavy land revenue with his corn spoiling on his hands for want of fund, cursing the day of his birth, dreading the expense of his burial, and uncertain whether to marry or to do worse."

"But, above all, my Lord, I think I see our ancient mother Bengal, like Caesar, sitting in the midst of our senate, ruefully looking round about her, covering herself with her royal garment, waiting the fatal blow, and breathing out her last," "with an *et tu quoque, mi fili!*"

The above is an extract from the speech of Lord Belhaven with slight changes as said above. Was it that the noble Lord was actually inspired with the spirit of prophecy and spoke of Scotland when he should have spoken of Bengal, for it is generally known that prophecies are not understood till they are fulfilled? The picture drawn was no doubt false as regards Scotland but how faithful and true with reference to Bengal. Lord Belhaven first saw that the nation was for ever making over the management of their own affairs into the hands of the English; that vision has been fully realized herein Bengal. Under the Mahamedans the greater portion of Bengal was governed by petty Hindoo and sometimes Mahamedan princes, who enjoyed almost sovereign powers in their respective territories. Whether an English exciseman receives more homage or respect now-a-days than their descendants we do not know, but we know that one or two European Teachers exacted homage from the Rajah of Nuddea. As regards the vision of Lord Belhaven regarding the Zemindars there is no doubt a slight error, but the error is on the other side. It must be admitted for truth's sake that most of the Zemindars of Bengal are far worse off than your English Attornies. The prediction of Lord Belhaven regarding the middlemen of Bengal referred no doubt to the Gaggling Act of Mr. Stephen our deadliest enemy. His vision regarding the merchants and tradesmen have been strictly fulfilled. There is an allusion to the porridge (which is *dal* in Bengalee) being saltless; probably this referred to the monopoly of salt and the destruction of our home manufactures. The prophetic Lord also refers to heaps of regulations and rectifications and so forth, but it is unnecessary to explain and examine the vision further. This remarkable vision though perfectly true is yet incomplete for two reasons. Firstly though Lord Belhaven saw many things he did not see the law of Draco introduced, an over-crowded jail, persons guilty of a lighter offence more heavily punished or in other words put to a slow death than those who committed serious crimes. He did not see the siphon which is continually working, the shorter end of which is in the heart of India and the longer end with innumerable mouths in England. And secondly he did not see the other side we mean the schools and colleges, the railways and telegraphs, roads and canals, in short he did not see the light which is streaming forth from the West to the East. May we inquire now why Scotland fared so well and India so ill under British sway? The answer that naturally comes to us is that Scotland was married to England, but Bengal was seduced and deceived. We thankfully remark the distinct symptoms of an awakening sense of remorse in England for the wrongs that have been done to India, and we confidently hope

ere long to see justice done to her, and to see her placed in a position which she deserved."

—000—

WHY IS MR. CAMPBELL KNIGHTED?—Certainly for some meritorious works! But what are those meritorious works? The question is more easily asked than answered. We really find great difficulty to solve it. Mr. Campbell is decidedly the most unpopular and the best abused of all the rulers of Bengal. He never liked the people of Bengal, though their destiny has been placed in his hands. The Bengalees are the most conservative of all conservative nations, and Mr. Campbell the most thorough-going of all reformers, he and his people are therefore constantly at loggerheads with each other. Is Mr. Campbell then knighted because of his great unpopularity? The famine of Orissa compelled Sir Cecil Beadon to resign his post; but two of the fairest districts of Bengal—Hugly and Burdwan—are being decimated by the fell epidemic fever, and is Mr. Campbell dubbed a Sir for the tardy manner in which he has sent succour to the fever-stricken districts? His Honor's road-cess act proves clearly, if it proves any thing, that he is a friend neither to the ryot nor the Zemindar. Like a two-edged instrument, it cuts both the ryot and the Zemindar and the former more cruelly. His earnest desire to increase the salt duty is another proof of his love towards the poor and the helpless. His municipality Bill, if passed into a law, would be a standing monument of his kindly feelings towards the tax-paying population of Bengal. Is he created a K. C. S. I., we ask, because he has thus placed himself in this not very enviable relation to all classes of people? His Native Civil Service scheme is a deliberate insult to the whole nation. The very name of the institution is a term of reproach and it is calculated to throw obstacles in the way of high education. His system of primary education is a profound farce and it has not a little injured the cause of high education. He is in short no friend to the educated natives and he seeks to repress their intellectual attainments by a retrograde educational policy. He has abolished the Krishnuggur and Bernampoor Colleges which have added so many jewels to the list of our educated countrymen. He attempted to abolish the Patna College because a few Bengalee boys took advantage of it. He was about to erase out Sanskrit from our colleges and schools. He has degraded the Director of Public Instruction to a mere Secretary and lowered the status of the education department by creating the post of Sub-Deputy Inspector of Schools. The native Deputy Magistrates are virtually deprived of their executive powers and reduced to the rank of mere clerks. The terrible Criminal Procedure Code is believed to have emanated from Mr. Campbell's fertile brain, at least he was an earnest co-operator of Mr. Stephen in framing the Code. He has made Magistrates heads of districts and invested them with unlimited powers, thus posting puny Campbells all over the country. His resolution on the jail administration is a monstrous one. He actually exalts at the large death-rate in the Bengal jails and has introduced measures to increase the hardships of the wretched prisoners so that the rate of mortality might be still larger. Is it for these foolish, inconsiderate, harsh and cruel measures that Mr. Campbell is created a Knight? All the governors since Sir Haliday defended Bengal from the unjust encroachments of the Imperial Government, it is Mr. Campbell who has betrayed its interests. He is anxious to serve the interests of other Provinces of India at the sacrifice of his own. The great idea which possesses him is that it is his paramount duty to increase the burden of his people. Bengal, he thinks, is a lightly taxed Province and he must see it groaning under over-taxation. Such a governor then whose whole career is marked by shallowness, obstinacy, haste and a narrow-minded policy, is honored with one of the highest titles that a sovereign could confer on a subject. The people would have thanked Her Majesty most heartily if she had removed His Honor from amongst them and then rained down showers of titles in honoring Mr. Campbell with a Knight. In the midst of his wild career is, to say the least, a singularly unpopularity. He has done nothing to encourage the opinion of the whole nation, and he has done nothing to encourage a thoughtful career with

সংবাদ ।

— গত ২৭ শে এপ্রিল নোয়াখালীতে একটি ভয়ানক বাড় হইয়া গিয়াছে। তথাকার কালেক্টর সাহেব বলেন যে, সেখানে অনেক দিন এমন বাড় দেখা যায় নাই।

— ত্রিহুত জেলার অন্তর্গত সুরমুন্দ গ্রামের বাবু রামগোপাল নারায়ণ উক্ত গ্রামে একটি দাতব্য চিকিৎসালয় সংস্থাপনার্থে ১২৫০০ টাকা দান করিয়াছেন। লেঃ গবর্নর তাঁহার এই সংকার্যের জন্য যথোচিত ধন্যবাদ দিয়াছেন।

— আমরা রহস্য সন্ধানের পার্শ্ব ৭৩ ও ৭৭ সংখ্যা পাইয়াছি। সম্পাদক কোন কারণ বশতঃ কলিকাতায় অনুপস্থিত ছিলেন বলিয়া পত্রিকা বখা নিয়মে কয়েক মাস বাহির হইতে পারে নাই।

— ঢাকা প্রকাশ বলেন যে, সপ্তাহিক সংবাদ লিখিয়াছেন যে রত্নবন্দ শকুন্তলা ইত্যাদি পুস্তকে অনেক অশ্লীল শব্দ আছে। অতএব উক্ত পুস্তক সকল ব্যবহার করা তনুচিত। তাহা দৃষ্টে রাজসাহী সংবাদ লেখেন যে, ইংরেজী পুস্তকেও অনেক অশ্লীল শব্দ আছে। অতএব উক্ত পুস্তক সকল ও ব্যবহার করা তনুচিত, এবং চৈত্র মাসের শেষ তারিখের রাজসাহী সংবাদে ঐরূপ কতকগুলি ইংরেজী বাক্য উদ্ধৃত করিয়া দিয়াছিলেন। তদর্শনে এখানকার অফিসিএটিং মাজিস্ট্রেট বা জুরেন্ট মাজিস্ট্রেট সাহেব বাহাদুর গত ২৩ শে এপ্রিল তারিখে উক্ত পত্রের পৃষ্ঠার স্ত্রীনারি আর রহমান শায়খের কুড়ি টাকা জরিমানা করিয়াছেন (তুম হইল যে, ২৯২ ধারা অনুসারে আসামীর ২০ টাকা জরিমানা করাগেল) কিন্তু তাহাকে বিনা জামিনে ছাড়িয়া দেওয়া হইয়াছে। এই জরিমানা আদায় পক্ষে অনেক বাদানুবাদ হইতেছে।

— সোম প্রকাশ বলেন, সেদিন মিলার সাহেবের নিকটে একটি কোঁতুকাবহ মকদ্দমা হইয়া গিয়াছে, দুইজন দেশীয় স্ত্রীপুঙ্খ প্রকাশ্যে রাস্তায় পরস্পর বিবাদ করিয়াছিল। বিবাদের কারণ জিজ্ঞাসা করাতে স্বামী বলিল সে কোন বন্ধুর বাটীতে নিমন্ত্রণে যাইতে চায়, তাহার স্ত্রী যাইতে নিষেধ করে, সে নিষেধ না মানিয়া যেমন যাইতেছিল তাহার স্ত্রী রাস্তায় আসিয়া তাহাকে ধরে, তাহাতেই বিবাদ হইতেছিল। মাজিস্ট্রেট বলিলেন বাহিরে না আসিয়া ঘরে বিবাদ মিটাইয়া নিমন্ত্রণে গেলেই হইত। এই বলিয়া উভাদিগের প্রত্যেকের দুই টাকা করিয়া জরিমানা করিয়াছেন। এই যোকদ্দমাটী এইরূপ কোঁতুকাবহ, মিলার সাহেবের হস্ত মীমাংসোচীও তদপেক্ষা ন্যূন নহে। তিনি দুই জনের দণ্ড করিলেন বটে; কিন্তু প্রকৃতপক্ষে এক জনের দণ্ড হইল; আবার প্রকৃত দোষীই দণ্ড মুক্ত রহিল।

— ইণ্ডিয়ান অব জারভার নিম্নলিখিত ঘটনাটিতে পরিহাস করিয়া বলেন যে এদেশে সংবাদ পত্রের ক্ষমতা আছে। কিছু দিন হইল হিন্দুপেট্রিয়ারট মালদহের কালেক্টর ও মাজিস্ট্রেটের বিরুদ্ধে লিখেন। অল্প দিন পরে মাজিস্ট্রেট দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীতে উন্নীত হন। এদেশে সংবাদ পত্রের ক্ষমতা না থাকুক গবর্নমেন্ট খুব নিলজ বটে।

— বিজন গ্রামের মহারাজা বারাগসীতে একটি বক্তৃতা করেন। তাহাতে তিনি বলেন যে বাঙ্গালী সিবিল সার্ভেন্টরা যখন উত্তরপশ্চিমাঞ্চলে শাসন ভার প্রাপ্ত হইবেন তখন সে দেশের লোকেরা কি ভাবিবে। তখন তাহারা বুঝিতে পারিবে তাহাদের স্বদেশবাসী স্বদেশীরেরা বিলাতে গমন করিয়া এই উচ্চ উচ্চ পদ সকল প্রাপ্ত হইয়া উত্তরপশ্চিমাঞ্চলের হিন্দু যুবক গণ বিলাতে এ দেশের জননা নহে।

— কলিকাতায় একটি আশ্চর্য জুয়াচুরির বিবরণ আমরা নিম্নে লিখিলাম। নদীয়া জেলার অন্তর্গত দেবগ্রামের জমিদার বাবু কালীদাস বন্দ্যোপাধ্যায় গত শীতকালে কলিকাতায় নীল বিক্রয় করিতে আইসেন। এক দিন গোপাল নামক এক ব্যক্তি তাহার বাসায় আসিয়া প্রস্তাব করে যে এক জন ধনী লোক বড় বড় জমিদারী ও নীলকুঠী খরিদ করিতে ইচ্ছা করিয়াছেন। কালীদাস বাবু বলেন যে তাঁহার একটি নীলকুঠী আছে উপযুক্ত মুলা পাইলে তিনি তাহা বিক্রয় করিতে পারেন। কিছু দিন পরে গোপাল কালীদাস বাবুকে কাশীপুরে উক্ত ধনী বাবুর বাটীতে লইয়া যায়। কালীদাস বাবুকে নীচের ঘরে বসাইয়া রাখিয়া গোপাল উপরে যাইয়া এক জন ইহুদীকে তাঁহার নিকট পাঠাইয়া দেয়। ইহুদী আসিয়া বলে, সে উক্ত ধনী বাবুর মানেজার, ধনীর নাম চুনীলাল। তাঁহার বাটী লক্ষ্মী, তিনি এক বেগমের প্রতি আসক্ত হইয়া সর্বস্ব উড়াইতেছেন। এই জন্য ইহুদী কিছু টাকা জমাইবার জন্য একটি নীলকুঠী ক্রয় করিবার পরামর্শ করিয়াছে। কালীদাস বাবুর নীলকুঠীর মূল্য ৮০ হাজার টাকা পর্যন্ত সাব্যস্ত করিয়া ইহুদী তাহার পরদিন তাঁহাকে বায়না স্বরূপ ১৬ হাজার টাকা দিতে চায়। কালীদাস বাবু চলিয়া আসিতেছিলেন, ইতিমধ্যে ইহুদী প্রস্তাব করে যে সে বলিকাতায় ২০ হাজার টাকার কোম্পানীর কাগজ ভাঙ্গাইতে যাইবে, তিনি তাহার বগীতে চড়িয়া যাইবেন। একটু পরে সে কালীদাস বাবুকে বলে যে তিনি যদি পর দিন ৪ হাজার টাকা আনিতে পারেন তবে কোম্পানীর কাগজ আর না ভাঙ্গাইয়া সে তাঁহাকে ঐ ২০ হাজার টাকার কাগজ দিতে পারে। কালীদাস বাবু ইহাতে সম্মত হইয়া পর দিন ৪ হাজার টাকার নোট লইয়া কাশীপুরে উপস্থিত হন। তিনি উপরে যাইয়া বাবুর বৈঠক খানায় বসেন কিন্তু বাবু বড় কথা বার্তা কহেন না। গোপাল সেখানে ছিল। একটু পরে বাবুর দেওয়ান আসিয়া নোট লইয়া কোম্পানীর কাগজ আনিয়া দিতে চাহিল। কালীদাস বাবু ইহাতে সন্দেহান হইলে ইহুদী ও গোপাল একটু হাসিয়া বলিল যে তিনি কি তাঁহাদিগকে অবিশ্বাস করেন? কালীদাস বাবু আর সন্দেহ না করিয়া দেওয়ানকে নোট দিলেন। দেওয়ান কোম্পানীর কাগজ আনিবে বলিয়া নোট লইয়া আর এক ঘরের মধ্যে চলিয়া গেল। দেওয়ান অনেক ক্ষণ ফিরিয়া না আসাতে কালীদাস বাবু ব্যস্ত হন। ইহা দেখিয়া ইহুদী দেওয়ানকে ডাকিতে যায়। কিছুক্ষণ পরে কালীদাস বাবু অন্য এক ঘরের মধ্য হইতে উক্ত ইহুদী ও একটি স্ত্রীলোকের কথা বার্তা শুনিতে পান। ইহুদী উক্ত স্ত্রীকে টাকা দেওয়ার জন্য সাধিতেছে, কিন্তু স্ত্রী টাকা দিতে চাহিতেছে না। উক্ত স্ত্রীটি সেই বেগম। ক্ষণেক পরে ইহুদী ও দেওয়ান আসিয়া বলিল যে বেগম উক্ত ৪ হাজার টাকা লইয়াছেন। তিনি তাহা দিতে চাহেন না। বায়নার টাকা অন্য স্থান হইতে লইয়া দিতে বলিয়াছেন। কালীদাস বাবুকে বলা হইল যে তিনি পর দিন আসিয়া তাঁহার টাকা যেন লইয়া যান। টাকা দেওয়ার পক্ষে কোন ব্যত্যয় হইবে না। তিনি পর দিন উক্ত ধনী বাবুর বাটীতে গেলে দেওয়ান তাঁহাকে বাটী প্রবেশ করিতে না দিয়া বলিল যে, সে বাটীতে কেহই নাই। কালীদাস বাবু আলীপুরের মেজেক্টরিতে এখন নালিশ করিয়াছেন, মকদ্দমা চলিতেছে।

— চার্লস লংমান নামক এক জন পুস্তক বিক্রেতা ৩০ লক্ষ টাকা রাখিয়া পরলোক গমন করিয়াছেন।  
— কেবল আহারের নিমিত্ত প্যারিসে ১৮৭২ সালে টীষোড়া প্রায় দাত শত গাধা ও ৬৫১টা খচ্চর হয়। সেখানে বোডার মাংস বিক্রয়ের জন্য ৪০ মাসের দোকান আছে।

— শূনা যাইতেছে যে খিবানদের সহিত কশিয়দের একটি যুদ্ধ হইয়া গিয়াছে। তাহাতে খিবানরা পরাজিত হইয়াছে।

— বোম্বাই অঞ্চলের কোন রেলওয়েতে কয় জন উচ্চ জাতির হিন্দু বাধ্য হইয়া নীচ জাতীয় লোকের সহিত এক গাড়ীতে উঠিয়াছিলেন বলিয়া উক্ত রেলওয়ের কোম্পানীর নামে একটি ক্ষতি পূরণের মোকদ্দমা আনিয়াছেন। তাঁহার বলেন যে গাড়ির মধ্যে নীচ জাতির সংস্পর্গ জন্ম তাঁহাদিগকে পরিচ্ছদ ইত্যাদি সমুদয় পরিত্যাগ করিতে হইয়াছে। আজ কাল এ হুম্মন ধরণের মোকদ্দমা বটে।

— ফেণ্ড অব ইণ্ডিয়া একটি আশ্চর্য্য হত্যা কাণ্ডের বিষয় লিখিয়াছেন। হায়দ্রাবাদে একজন পথ চলা তি বেগে সন্ধ্যা হইলে একটি পুলিশ ফেশনে আশ্রয় লইয়া ছিল। কথা বার্তায় পুলিশের লোকে জানিতে পারিল যে তাহার কাছে টাকা আছে। সে শয়ন করিলে পুলিশের লোকেরা তাহাকে খুন করিয়া তাহার টাকা লইবে এই পরামর্শ করে। বেগে এই পরামর্শ শুনিতে পায়। সে শীঘ্র নিদ্রা যায় না ইতি মধ্যে থানার সকলে ঘুমাইয়া পড়ে। বেগে থানার জমাদারকে তার নিজের গায়ের কাপড় দিয়া ঢাকিয়া নিকটস্থ এক বৃক্ষের উপর গিয়া থাকে। থানার লোকেরা বেগের ভ্রমে জমাদারকে হত্যাকরে।

— উক্ত পত্রিকা বলেন যে গঙ্গার এবার অনেক হাঙ্গর আসিয়াছে।

— পশু চিকিৎসা শিক্ষা দানার্থে গবর্নমেন্ট ভবানীপুরে একটি বিদ্যালয় স্থাপন করিতেছেন।

— গবর্নর জেনারেল দরবার করিয়া রাজাদিগের নিকট হইতে যে সকল উপঢৌকন পান সে সমুদয় বৎসর বৎসর বিক্রয় হইয়া থাকে। এবার হ্যামিল টন কোং সেই সকল দ্রব্য নিলামে বিক্রয় করিবার অনুমতি পাইয়াছেন।

— উত্তর পশ্চিমাঞ্চলে লালুয়া নামক এক ব্যক্তি অনেক গুলি অপরাধে অভিযুক্ত হয় এবং দুইবার জেল ভাঙ্গিয়া পলায়। পুলিশ তাহাকে ধরিতে পারেনা। পুলিশের ইনস্পেক্টর জেনারেল এই বলিয়া এক বিজ্ঞাপন দেন যে যে ব্যক্তি উক্ত পলায়িত কয়েদীকে মৃত কি জীবিত যে কোন অবস্থায় ধরিয়া দিতে পারিবে সে হাজার টাকা পুরস্কার পাইবে। কিন্তু গবর্নমেন্ট উক্ত বিজ্ঞাপন হইতে মৃত কথাটি উঠাইয়া দিবার আদেশ করেন। কথকগুলি লোক উক্ত ব্যক্তিকে মৃত করে। সে তাহাদিগকে বাধা জন্মায়, তাহাতে তাহার মৃত্যু হয় দুইজন উক্ত ব্যক্তির মৃত শরীর আনিয়া পুরস্কার প্রার্থনা করে। কিন্তু মাজিস্ট্রেট সাহেব তাহাকে হত্যা অপরাধে দায়রায় সোপর্দ করে। সাহেব তাহাদিগকে ১ বৎসর কারাবাসের অজ্ঞা দেন। কিন্তু হাইকোর্ট উক্ত অপরাধ দণ্ডবিধি আইনের ৩৭৪ অন্তর্গত করিয়া তাহাদিগকে ৪ মাসের জন্য কয়েদ থাকিবার অনুমতি দিয়াছেন। এখন এই হাজার টাকা কে পাইবে? আমাদের বিবেচনায় সুবোধ ইনস্পেক্টর জেনারেল উক্ত পুরস্কার পাওয়ার উপযুক্ত পাত্র।

— ত্রিজিলের নিকট একখানি আমেরিকান জাহাজ একখান করাদীস জাহাজের উপরে উড়ায় করাদীস জাহাজ জল মগ্ন হয়। বোম্বাই হাইকোর্ট এই ক্ষতিপূরণ জন্য আমেরিকান জাহাজের কর্তৃপক্ষদিগের বিরুদ্ধে ৭৮৪০০ টাকী ডিক্রী দিয়াছেন।

— ইণ্ডিয়ান ফেটসম্যান সাদেশান নিবারণের এক উৎকৃষ্ট উপায় উদ্ভাবিত করিয়াছেন। তিনি বলেন যদি এদেশীয়েরা তাহাদের বাস গৃহের মধ্যে

আমো আলোক ও বায়ু লইবার বন্দবস্ত করিতে পারে, এবং যদি তাহার বৃষ্টি জুগ পার দেয় তবে সর্প দংশন চের কমিয়া যায়। সাপে বাহাতে আদপে না কাগড় হইতে পারে এমন কোন বন্দবস্ত করিলে সর্প দংশন একেবারেই থাকে না!

—ডাউনস নামক এক জন সাহেব কাকরদের মধ্যে খুঁফি ধর্ম প্রচার করিবার উদ্দেশে আফগানের বেশ ধরিয়া কাবুলে যান। কিন্তু তিনি আফগান ভাষা জানিতেন না। কাবুলেরা তাঁহাকে সন্দেহ করিয়া ধৃতকরে এবং ত্রিচীশ গবর্নমেন্টে সংবাদে দেয়। এদেশ হইতে গবর্নমেন্টের লোক বাইয়া তাঁহাকে লইয়া আসিয়াছে। এই ঘটনায় ইংলিশম্যান বলেন যে খুঁফি ধর্ম প্রচারের উপর লোকের যে ঘৃণা হইবে তাহাতে আর আশ্চর্য্যাকি!

—ভারতবর্ষ হইতে ইংলণ্ড পর্য্যন্ত রেলওয়ে বসানের কথা পুনরায় আন্দোলিত হইতেছে।

—গাজাজে বাইডি নামক একজন সাহেব বলেন, যে গাঁজার গাছ, শারিকেল গাছের পাতা, শুপারির খোসা ও কলার গাছ হইতে কাগজ প্রস্তুত হইতে পারে।

—গ্যাবেল সাহেব কোথাও চুপ করিয়া থাকিবার লোক নন। তিনি এখন দারজিলিং এ আছেন, সেখানে চার আবাদের জন্য জমি বাড়াইতে চেষ্টা করিতেছেন।

—মাংসাহারের নিমিত্ত গত বৎসর কলিকাতায় ২ লক্ষ ২০ হাজারের বেশী পশু বধ করা হইয়াছে।

—২৩ শে এপ্রেল যে সপ্তাহ শেষ হয় ঐ সপ্তাহে কলিকাতায় দুইশত লোকের মৃত্যু হইয়াছে। মৃতের সংখ্যা পূর্ষ সপ্তাহ হইতে ১৩ জন কম। ইহার মধ্যে ১৯ জন ওলাউঠা ও ১ জন বসন্তে।

—খ্রীষ্টানদের সভা হইতে বৎসর ২ এক খানি রিপোর্ট বাহির হয়। এবারকার রিপোর্টে লিখিত আছে যে, বাঙ্গলার হিন্দুধর্ম পুনর্জীবিত হইয়া উঠিয়াছে। ইহা দ্বারা প্রমাণ হইতেছে, ব্রাহ্মধর্মের অবনতি হইয়াছে। এই কথায় ব্রাহ্মদের কাগজ গিরার বলেন, যে হিন্দুধর্মের পুনরাবির্ভাবে খ্রীষ্টধর্মের পরাজয় ভিন্ন আর কিছুই নহে।

—ইন্দু প্রকাশ বলেন যে গুজরাট ও মহারাষ্ট্রীয় ভাষায় বেদ অনুবাদিত হইতেছে। আদি ব্রাহ্ম সমাজ সমগ্র বেদ বাঙ্গালা ভাষায় অনুবাদ করিতে যত্ন করেন না কেন?

—এক ব্যক্তি বিনি সমুদয় পৃথিবী ভ্রমণ করিয়াছেন বলেন যে কশিয়ার রাজবংশের স্ত্রীগণ যেমন সুন্দরী জগতে এমন আর নাই।

—আমাদিগের লেঃ গবর্নর কে. সি. এস. আই. উপাধি প্রাপ্ত হইয়াছেন। এখন অবধি তাঁহাকে আর মেঃ না বলিয়া সার জর্জ ক্যাম্বেন বনিত হইবে।

—ইংলণ্ডের প্রসিদ্ধ রাজনীতিজ্ঞ ও নৈয়ায়িক জন ফুয়ার্ট মিল মানবলীলা সংবরণ করিয়াছেন।

—ইংলিশ ম্যানের লণ্ডনস্থ সংবাদদাতা বলেন, যে কশিয়ার সম্রাটের কন্যার সন্তি মহারাণীর দ্বিতীয় পুত্র ডিউক অব এডিনবরার বিবাহ হইলে ইংলণ্ড ও কশিয়ার মধ্যে রাজনৈতিক সম্বন্ধের কোন পরিবর্তন ঘটবে নহে। ডিউক অব এডিনবরার বিবাহে আগ্রহান্বিত হইবার প্রকৃত কারণ এই। তিনি যেমন অপব্যয়ী ও সৌখীন তাঁহার হাতে তেমন টাকা নাই। এ বিবাহে তিনি যৌতুক স্বরূপ ৫ লক্ষ টাকা বার্ষিক আয়ের

সম্পত্তি পাইবেন; বাহা হউক এ বিবাহের সম্বন্ধে ইংলণ্ডের লোকেরা সন্তুষ্ট নহে।

—ইংলিশ ম্যান বলেন, গত সোমবারে আলিপুর জজ আদালতের মালখানায় চুরি হইয়া গিয়াছে। চোরেরা খড়খেড়ে ভাঙ্গিয়া ঘরের মধ্যে প্রবেশ করে। মালখানায় যে সকল লাওয়ারেশ সোণা রূপার গহনা ছিল তাহার মধ্যে হইতে প্রায় ৫৬ শত টাকার গহনা চুরি গিয়াছে।

বিজ্ঞান।

সংক্রামক জ্বরের মর্হোষধ।

সহস্র সহস্র পরীক্ষা দ্বারা এই ঔষধের গুণ পরীক্ষিত হইয়াছে। জ্বগলী ও বর্ধমান প্রভৃতি সংক্রামক জ্বর প্রাপ্তিতে জেলায় হুহা বাহুল্য রূপ ব্যবহার হইতেছে। জ্বর, পীলা, বক্রত, শোথ প্রভৃতি যে সমস্ত পীড়া মেলেরিয়া বা অতিরিক্ত কুইনাইন ব্যবহার দ্বারা জন্মে তাহার বিশেষ প্রতিকারক। মূল্য ২ টাকা মায় ডাকমাশুল।

অর্ধরোগের মর্হোষধ।

বিশেষ পরীক্ষা দ্বারা প্রতিপন্ন হইয়াছে যে, ইহা দ্বারা সর্ক প্রকার অর্ধ একেকালে আরোগ্য হয়। মূল্য ১১ টাকা মায় ডাকমাশুল।

টাকরোগের মর্হোষধ।

অনেকের বিশ্বাস যে, টাক কখন আরোগ্য হয় না কিন্তু এ ঔষধ ব্যবহার করিলে সে মত অবশ্যই দূর হইবে। মূল্য ১১ টাকা মায় ডাকমাশুল।

উক্ত ঔষধ করেকটি বারাগদী ঘোষের স্ক্রিট ২৩ নং ভবনে পাওয়া বাইবে।

প্রেরিত।

নেটিব সিভিল সার্ভিস।

আমাদিগের লেকটেনেন্ট গবর্নর বাহাদুর নেটিব সিভিল সার্ভিস পরীক্ষার নিয়ম প্রচলিত করাতে সহায়হীন রুতবিনা যুবকগণ উল্লসিত হন, অনতি বিলম্বের সব ডিপুটি শ্রেণী সৃষ্টি হওয়ার তাহাদিগের মনে কথক বিরক্তি জন্মে। বাহা হউক গত মনে পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিগণ অল্প সময় মধ্যেই স দার ডিপুটি মেজেষ্টারি কর্মে নিযুক্ত হইয়া বাওয়ার এবং মনে অনেকেই ছয় মাসের বিদায় গ্রহণ করতঃ পরীক্ষার দ্বারা উপস্থিত হন। তাহাদিগের মধ্যে অনেকে উত্তীর্ণ হইয়াছেন সত্য বটে, কিন্তু আমাদিগের গবর্নর বাহাদুর তাঁহার মনোনীত কার্য সকল করার জন্য এবার সকলকেই সব ডিপুটি শ্রেণীবদ্ধ করিয়াছেন। পরীক্ষোত্তীর্ণদিগের মধ্যে এখন অনেকের উল্লাস দূর হইয়া ক্ষোভ আরম্ভ হইয়াছে। বিশেষতঃ দুই শত দেড় শত টাকা বেতনের ইনস্পেক্টর, ক্লাক এবং শিক্ষকগণের আর ক্ষোভের পার নাই। তাঁহাদের কেবল বেতন হারান এবং কলিকাতার ব্যয় ও পরিশ্রম সহ্য করাই মার হইল। আবার তাহাদিগের মধ্যে কাহাকেও বা এক শত টাকা বেতনের দ্বিতীয় শ্রেণির সব ডিঃ শ্রেণিতে যাইতে হইয়াছে। যেমন অন্তত বিচার তেমনি তার ফল। দশ বার বৎসর সুখ্যাতি প্রাপ্ত এবং পরীক্ষোত্তীর্ণ হইয়া নূন বেতন পাইতে হইবে। এটি কিরূপ বিচার। সম্পাদক মহাশয় দুই শত এবং দেড় শত টাকা বেতনের পরীক্ষোত্তীর্ণ কর্মচারীগণকে একাই ডিঃ মেজেষ্টারি পদে নিযুক্ত করিলে কি আমাদিগের গবর্নর সাহেব বাহাদুরের নিয়মের অপলাপ হয় না কি?

লেকটেনেন্ট গবর্নর বাহাদুর সব ডিপুটি ও কন-নও পদ সৃষ্টি করিয়া আমাদের শ্রদ্ধাস্পদ ডিঃ মো

ফ্রি পদের একবারে গৌরব হীন করিয়াছেন, পুনঃ যে বিচার আরম্ভ হইয়াছে ইহাতে ভবিষ্যতে এন টেনস মাইনর ছাত্র ভিন্ন আর কোন বিজ্ঞ লোক পরীক্ষার দ্বারা উপস্থিত হইবেন না। সুতরাং ভবিষ্যতে আমাদের বিচারকগণের বিদ্যা বুদ্ধি ঐ পর্য্যন্তই শেষ হইবে ক্রমে বিদ্যাভাস তাগ করিয়া ষোড় চড়া, ডগ করা এবং সম্ভবণ প্রভৃতি কার্যই তাহাদিগের শিক্ষোপযোগী হইবে যে ডিপুটি মেজেষ্টারি পদ এদেশের এত গৌরবের ছিল অবশেষে তাহার এত ছন্দ শা হইল। কি মানিকং কতিঃ।

ধুবরি। আপনার অনুগত স্টিমার প্যাডেনজার

আয়ুর্বেদজ্ঞ চিকিৎসকগণের প্রতি নিবেদন। ধীরে ধীরে চিকিৎসাশাস্ত্র আয়ুর্বেদ তত্ত্ব সংগ্রহ গ্রাহক পণ্ডিত মহোদয়গণ, আপনাদের সমীপে হৃকহ আয়ুর্বেদ বিবাক প্রমাণ বিজ্ঞাপন করিতেছি; ইহার প্রধান উদ্দেশ্য লিখিত প্রস্তাবলির উত্তরপাঠে আত্মাকে পরিতৃপ্ত করি। মহাশয়েরা কৃপা সহকারে আদ্যোপান্ত পাঠ করিয়া উত্তর প্রদানে মনোযোগী হইলে অনুগৃহীত হইবে। (প্রশাসনা) ততঃ প্রবর্ততে রক্ত মূত্রক্ষাণে দ্বিধা-পিবা। উদ্ধং নাশাক্তি কর্ণাস্যেচ্ছৈ দু যোনি উদৈরধঃ কুপিতং যোমকৃপৈশ্চ সমস্তেভ্যঃ প্রবর্ততে, ইতি রক্ত শিত্তম্য। ১। অংশ পাশ্চাত্তিপাশ্চ সম্ভাপঃ করঃ পাদয়ো। জ্বরঃ সর্ষাঙ্গশ্চেতি লক্ষণং রাজ্য বক্ষুণঃ। পিত্তাজ্ঞান্যচাণ্ডন ইতি। ২। কামমান্য চাতিক্ষং ককঃ সাস্বকু প্রবর্ততে ইতি উরঃ ক্ষতম্য। ৩। সপর্কং কাসতে শুষ্কং ততঃকীর্ত্তে মনোণিতং ইতি ক্ষতকাসম্য। ৪। শুভান বিচীভিবতি দুর্ধলস্ত প্রক্ষিণ মাংসো কধিরং সপূয়ং ইতি ক্ষরকাসম্য। ৫। ক্ষণম্য বাছর্দি রতি প্রসক্তা মোপদ্রবা শোণিত পূরযুক্তা ইতি ছুদিরসাধ্যম্য ৬। তদোপজারতেতি ক্রং রক্তাতিনার উল্লণঃ ইতি অতিসারম্য।

ইহদের পরস্পর শারীরিক যন্ত্রণাত ভেদ কি? এবং কে কি যন্ত্রকেই বা কিরূপ বিকৃতি ভাবাপন্ন করে? কি ব্যাধিতেই বা কোন স্থান হইতে কোন পথ দিয়া রক্ত বহির্গত হয়? এবং কোন স্থানকেই বা পুতিভাবাপন্ন করে? আর উক্ত যন্ত্রাদির নামই বা কি? উক্ত রক্ত পরিস্কৃত কি না? রাজবক্ষু রোগের অংশ পাশ্চ তাপের হেতু কি? উক্ত প্রস্তাবলির উত্তর শাস্ত্র প্রমাণ এবং যুক্তি সঙ্গত করিয়া লিখিলেই বাধিত হইবে।

বহুবাজার বাণী অশেব শাস্ত্রাধ্যাপক জীযুক্ত রমানাথ কবিরাজের ছাত্র জীতারচরণ মুখোপাধ্যায় ও জীম্মতলাল গুপ্ত।

লাহোর। এবং নর গৃহিষ্যুর প্রারম্ভে সকল স্থান হইতে টিংকার ধ্বনি উঠিয়াছিল যে পাড়ার পুাত্তর্ভাব হইবে এমন কি সিদলা পাহাড়ে যেখানে শ্বেত পুন্দরেরা নিম্নভূমির গ্রীষ্ম সহ্য করিতে না পারিয়া বিহার করিতে যান সেখানে সন্দি গর্মিতে মৃত্যু হইয়াছে, যে সকল স্থানে বিশেষতঃ এ পুদেশে অধিক হইবে তাহা। আর সন্দেহ নাই কিং গৌড়াগা বশতই হউক আর দুর্ভাগ্য বশতই হউক সকল স্থানের ন্যায় এখানেও কয়ক দিবস বৃষ্টি হইয়াছিল। বর্ষিা নিমিত্ত ব্যক্তিগণ (প্রবর্তী বন্দার) জন ক্ষতি হইয়াছে। আমাদের দেহে বসার সময় নদীর জল বৃষ্টি হইয়া থাকে কিন্তু এমামকার নদীর পান মেরুপ নাই পান প্রায় ক্ষতি হয় তমনি হয়।

শীত আছে বলিলে অত্যুক্তি হয় না। এ সময়ে এখানকার লোক অধিকাংশ প্রায় ছাদে শয়ন করিয়া থাকে, কিন্তু আজ কাল সকলে মধ্যে মধ্যে কাপড় ব্যবহার করিতেছে। রফি হওয়াতে অনেকে এই রূপ আশঙ্কা করিতেছে যে গত বৎসরের ন্যায় ওলাউঠা ও জ্বরের প্রাদুর্ভাব হইবে। বাজারে শুনা যাইতেছে যে দ্রব্যাদি বিশেষতঃ কনক (গম) অত্যন্ত মহার্ঘ হইবে কারণ গম প্রায় অধিকাংশ ক্ষেত্রে পড়িয়া আছে। অধিকাংশ জমীদারেরা (এখানে কৃষকদিগকে জমীদার কহে) ময়দান হইতে অদ্যপি গোলাজাত করিতে পারে নাই। দ্রব্যাদি মহার্ঘ করিবার জন্য এই জনরব উঠিয়া থাকুক কিম্বা সত্যই হউক তাহা বলিতে পারি না। যাহা হউক পীড়া হইবার কারণ এই পর্য্যন্ত অনুভব করা যায় যে ভিজ্জে গম ও তাহার আটা ময়দা ব্যবহার করিলে ও তদানুযায়ী পীড়া হইতে পারে। যদি হস্ত ইতর লোকদের মধ্যে হইবার সম্ভাবনা কারণ ভদ্র লোকেরা প্রায় ভাল গম ক্রয় করিয়া রাখে ও আবশ্যিক মতে তাহা ব্যবহার করে। গবর্ণমেন্ট গত বৎসর পীড়া হইলে যেমন সচেষ্ট হইয়াছিলেন এ বৎসর নিবারণের জন্য তেমন উপায় অবলম্বন করুন তাহা হইলে রাজ্যের লাভ হইবে ও প্রজাদের জীবন রক্ষা হইবে।

যাঁহারা এ দেশে কখন বর্ষার সময় আসিয়াছেন তাঁহারা বিশেষরূপে অবগত আছেন যে পঞ্জাবের পঞ্চ নদীর কি রূপ ভয়ানক মুক্তি হয় ও সেই সময়ে যাত্রীদিগের পারাপারের কিরূপ দুর্দশা ও প্রাণের ভয় হয়। বোধ করি অনেকে গত বৎসরের বর্ষার সময় শতদ্রু নদীর পারের ক্রেশ যে কত দূর হইয়াছিল তাহা সম্বাদ পত্রে অবগত হইয়া থাকিবেন। একে ত নদী দেখিলে প্রাণ উড়িয়া যায় তাহাতে যে প্রকার নোকা দেখা যায় তাহাতে আর জ্ঞান থাকে না। আমাদের দেশস্থ লোক সেরূপ জলযান দেখিলে হাস্যম্বরণ করিতে পারেন না। যাঁহারা গ্রীক ইতিহাস পড়িয়াছেন তাঁহারা এ দেশস্থ নোকার সহিত অনেক সোসাদৃশ্য দেখিতে পান। দেশানুরাগীরা হয়ত বলিবেন যে গ্রীকেরা আমাদের নিকট হইতে নোকার আদর্শ লইয়া যান সে যে কত দূর যুক্তি সঙ্গত তাহা বলিতে পারি না। এ দেশের নোকাতে উঠিলে জীবন আশা ত্যাগ করিয়া যাইতে হয়। একে ত ভেলার মতন তাহাতে আবার হাইল দাঁড়নাই। জলের স্রোতে ছুই গাছির ডঙ্কুর বলে ও ছুইটি বাঁশের দ্বারা যত দূর রক্ষা হইতে পারে তাহা হয়।

ভবপারে যাইতে হইলে যেমন পৃথিবীর সকল আশা ত্যাগ করিয়া যাইতে হয় এখানকার নদী পার হইতে হইলেও জীবন আশা ত্যাগ করিতে হয়। এ দেশে আবার কোন কোন স্থানে ভিস্তির উপরে পার হইতে হয়। ভিস্তির উপর পার হওয়া বোধ করি অনেকে অবগত না থাকিতে পারেন। যাঁহারা জ্বালা-মুখী তীর্থে কখন গিয়াছেন তাঁহারা জানেন এক জন লোকে দুইটি ভিস্তি একত্র করিয়া তাহার উপর বসিয়া হস্ত দ্বারা জল টানিতে থাকে ও যাত্রী তাহার পশ্চাৎ ভাগে বসিয়া যায়।

শুনা যাইতেছে যে সিদ্ধু পঞ্জাব রেলওয়ে কোম্পানী এই মাসে কিম্বা আগামী মাসের প্রথমে শতদ্রু নদীর পুল খুলিবার জন্য দিবা রাত্র কার্য করিতেছেন। যদি ইহা সত্য হয় তাহা হইলে যাত্রীদিগের পক্ষে ও মন্দ আর কোম্পানীরও অনেক লাভ। এখানে একটি এই অনুরোধ যে বাহাতে বড় পুল গুলির প্রতি দৃষ্টি থাকে তজ্জন্য বিশেষ চেষ্টা থাকিবে। কারণ পুল ভাঙ্গিলে তাঁহাদের পক্ষে গম ও ক্রেশ ও প্রাণের আশঙ্কা

বিজ্ঞাপন।

“ভক্তিরসামুত সিন্দু” জীব গোস্বামীর টীকা ও বাঙ্গলা অনুবাদ সহিত সংখ্যাক্রমে মুদ্রিত হইতেছে। ইহার ১ম ও ২য় সংখ্যা মুদ্রিত হইয়াছে, প্রতি সংখ্যার মূল্য চারি আনা ডাক মাশুল এক আনা। গ্রহণেচ্ছ ম-হোদয় গণ নিম্ন লিখিত স্থানে পত্রাদি পাঠাইলে পুস্তক প্রাপ্ত হইবেন।

শ্রীকালিদাস নাথ।

কালিকাতা বড়বাজার কাঁসারিপাট

বল্লীকি রামায়ণের বাঙ্গলা গদ্য অনুবাদ। উত্তর ইটালি চিঙ্গড়ি ঘাটারোড আমার ১০৬ নং ভবনে সংস্কৃত কালেজের জনৈক ছাত্র শ্রীযুক্ত গঙ্গা গোবিন্দ ভট্টাচার্য মহাশয় ৮০ পৃষ্ঠা করিয়া পুস্তকাকারে প্রতি মাসে এক এক খণ্ড প্রচারিত করিতেছেন। ইহার মনোহারিণী রচনাবলী পাঠ করিয়া অনেকেই যার পর নাই পরিতোষ লাভ করিয়াছেন। বাণিক অগ্রিম মূল্য ৫১০ টাকা মাত্র ডাক মাশুল সহিত গৃহ-নেচ্ছুগণ নাম ধাম সহ আমার নামে পত্র লিখিলে পাইতে পারিবেন ইতি।

কলিকাতা শ্রীগোবিন্দ চন্দ্র দত্ত

বঙ্গভাষার রোগ-বিচার ও ভৌতিক নির্ণয় তত্ত্ব।

গৃহী মাত্রেই জাতব্য ধাত্রী শিক্ষা প্রভৃতি প্রণেতা এবং বেঙ্গলি মডিক্যাল স্কুল অর্থাৎ চিকিৎসা দর্পণ প্রতিকার সম্পাদক ডাক্তার যত্ননাথ মুখোপাধ্যায় কৃত উপরিউক্ত পুস্তক প্রকাশিত হইয়াছে। উহার কলেবর ৮ পেজি ফন্নার ৬৩০ পৃষ্ঠা, মূল্য ৬ ডাকমাশুল ১০ আনা। উহার বাঙ্কাই অতি পোক্ত এবং সুন্দর। চুঁচুড়ায় গৃহকর্তার নিকট এবং কলিকাতা লালবাজার হিন্দু হফেলে শ্রীযুক্ত বাবু গুরুদাস চট্টোপাধ্যায়ের নিকট পাওয়া যায়। সাধারণের সুবিধার নিমিত্ত ধাত্রী-শিক্ষার মূল্য ৩ টাকার পরিবর্তে ২ টাকা অবধারণ করা গেল। ইহার ডাকমাশুল ১/০। উক্ত দুই ঠিকানায় পাওয়া যায়।

Advertisements.

IMPORTANT NOTICE.

SIR WILLIAM JONE'S WORK.

The above work is to be issued in monthly parts Royal 8vo. size.—Price eight annas per part to subscribers, 12 annas for non subscribers. The first part is already in the press. Intending subscribers are requested to send their names to the undersigned or to the Proprietor of the 'Bentick-Press, Nunko Jemadar's Lane Bentick Street.

SIDHESHUR GHOSE, Bengal Accountant's Office.

গ্রামবাসী পত্রিকা।

মাসিক পত্রিকা।

বিগত বৈশাখ হইতে রাণাঘাট হইতে প্রকাশিত হইতেছে।

মূল্য প্রতিখণ্ডের এক পয়সা।

বাহাতে গ্রামবাসীগণের প্রয়োজনীয় বিষয় সকল জ্ঞান জনে, এবং সাধারণ শিক্ষার সহায়তা উন্নতি হয়, এই পত্রিকার চলিত বাঙ্গলা ভাষায়

সেই সকল বিষয়ের আলোচনা করা হইবে। এই পত্রিকা সম্বন্ধীয় সমুদায় পত্রাদি ও মূল্য নিয়ম স্বাক্ষরকারীর নিকট পাঠাইতে হইবে।

রাণাঘাট }  
১লা বৈশাখ ১২৮০ } শ্রীগিরিশচন্দ্র দত্ত কর্মসিদ্ধ।

THE INDIAN EVIDENCE ACT 1872. (BEING ACT No. OF 1872.)

WITH Notes consisting of copious apt extracts from Text Writers, numerous illustrative cases both Indian and English, appropriate quotations from the reports of the Select Committee and other sorts of explanatory remarks and comments.

THE INDIAN EVIDENCE ACT AMENDMENT ACT,

AND TO WHICH IS APPENDED THE INDIAN OATHS ACT.

BY KISHORI LAL SARKAR, M. A. B. L.

Price Rs. 4.

To be had at the Amrita Bazar Putrika Office and Thacker Spink & Co's Library.

THE NEW INDIAN GEOGRAPHY

OR

A Guide to the Map of India. Designed for Schools in India.

by

Kali Dass Mookerjee.

Head Master Govt. School Faridpore.

Price Four Annas only.

To be had at Kader Nath Chatterjee's Book-Shop, 54, College Street, Calcutta.

ডাক্তার অন্নদাচরণ কান্তারগিরি

বিখ্যাত ওলাউঠার ঔষধ।

৯২ বোঁবাজার ফুট।

কিম্বা ১৪ কলেজ স্কের যার মহালানবিশের নিকট।

এ রোগের যে যে লক্ষণ ও অবস্থায়, যে ঔষধ যে যে নিয়মে, ব্যবহার্য, তাহা ঔষধের প্রত্যেক পাকেট, বা সিসির উপর, বিস্তারিত লিখিত আছে।

রোগের আরম্ভ হইতে ঔষধ বড়পূর্বক ঠিক নিয়ম মতে খাওয়াইলে, নিশ্চয় উপশম হয়। মূল্য ১টাকা। ডাকে ১।০।

অমৃত বাজার পত্রিকা

অগ্রিম মূল্য।

কলিকাতার

মফঃস্বলের

নিমিত্ত

নিমিত্ত

বার্ষিক

৬।০

৮

বাণ্যাসিক

৩৬০

৪।০

ত্রৈমাসিক

২।০

২।০

একখণ্ড

১।০

১।০

অনগ্রিম মূল্য।

বার্ষিক

৮।০

১০

বিজ্ঞাপন প্রকাশের মূল্য।

প্রতি পংক্তি

প্রথম, দ্বিতীয় ও তৃতীয়বার ০/০

চতুর্থ ও ততোধিকবার ১/১০

গ্রাহকগণ যখন অমৃত বাজার পত্রিকার মূল্য পাঠান, তখন যেন তাহা রেজিস্টারি করিয়া পাঠান।

যাঁহারা ফ্যান্স টিকিট দ্বারা মূল্য পাঠান তাঁহারা যেন টাকায় নিয়মিত অর্দ্ধ আনা কমিসন সহলিত অর্দ্ধ আনা মূল্যের টিকিট পাঠান।

ব্যারিং কি ইনসাকুসিয়াস্ট পত্র আমরা গ্রহণ করি না।

এই পত্রিকার মূল্য বৃদ্ধি বরাং চিঠি যদি অর্ডার প্রভৃতি যাঁহারা পাঠাইবেন তাঁহারা কলিকাতা ছবাজার হিদেরাম বাড়ুয়ের গলি ৫২ নং বাটীতে শ্রীযুক্ত চন্দ্রনাথ রায়ের নামে পাঠাইবেন।

এই পত্রিকা কলিকাতা বড়বাজার হিদেরাম বাড়ুয়াপাধ্যায়ের গলি ৫২ নং বাটী হইতে প্রতি বৃহস্পতিবার শ্রীচন্দ্রনাথ রায়ের দ্বারা প্রকাশিত হয়।